

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ০২। সায়েদাবাদ পানি শোধনাগারের পানির মেইন ট্রান্সমিশন লাইনের কপি।
 ০৩। ই-জিপি হতে প্রাপ্ত সর্বশেষ অনুমোদিত দরের কপি।
 ০৪। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।
 ০৫। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Installation & fitting,fixing Stair in e-PRV Chamber for water line Network of SWTP.

১.০। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত পানি ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের মাধ্যমে ডিএনডি খাল ও টুইন বক্স কালভার্ট রক্ষণাবেক্ষণ, সাপাশো প্ল্যান্টের অভ্যন্তরে সিভিল অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং পরিশোধিত পানি ট্রান্সমিশনের জন্য ব্যবহৃত ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ট্রান্সমিশন নেটওয়ার্ক এ মোট ৪৭ টি (PRV) সহ মোট ১৭৩ টি ভালভ চেষ্টার রয়েছে। উল্লেখিত প্রতিটি ভালভ চেষ্টারের ভিতরে নামার জন্য সিঁড়ি সংযুক্ত আছে। বিভিন্ন সময়ে ভালভ গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করার জন্য সিঁড়ি গুলোর মাধ্যমে চেষ্টারের ভিতরে নামতে হয়। ভালভ চেষ্টার গুলির মধ্যে বেশ কিছু সংখ্যক চেষ্টারের সংযুক্ত সিঁড়ি মরিচা পড়ে নষ্ট হয়ে গেছে। ফলে ভালভগুলো অপারেট করতে চেষ্টারে নামা যাচ্ছে না। এছাড়া মেট্রোরেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের অবকাঠামোর নির্মাণ কাজ, ঢাকা (উত্তর ও দক্ষিণ) সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন সময়ে রাস্তা উচু করার ফলে সিঁড়ি গুলো নিচু হওয়ায় চেষ্টারের ভিতরে নামতে কষ্ট হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগারের পানির লাইনে বিদ্যমান বিভিন্ন ভালভ চেষ্টার (ARV,PRV,BV,GV&WOV) গুলি সঠিকভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করার জন্য নষ্ট হয়ে যাওয়া মোট ৫০ টি চেষ্টারের সিঁড়ি স্থাপন কাজ করা জরুরী প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, ভালভ চেষ্টারের নীচে উঠা-নামা /মেইন্টেনেন্স কাজ করা সহজ হবে।

২। আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,৮৫০.৭৬৬ (চার লক্ষ আটানব্বই হাজার আটশত পঞ্চাশ দশমিক সাত ছয় ছয় টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন (রক্ষণাবেক্ষণ) (কোড ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২১৩ এবং প্যাকেজ নং- W-135 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রমকারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Installation & fitting,fixing Stair in e-PRV Chamber for water line Network of SWTP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।
 খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন সর্বমোট ৮ ৪,৯৮,৮৫০.৭৬৬ (চার লক্ষ আটানব্বই হাজার আটশত পঞ্চাশ দশমিক সাত ছয় ছয় টাকা মাত্র) টাকার অনুমোদন।
 গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত (কোড ০১-০৪-০০১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মুদ্রিত কুমারসের
 উপ-সহকারী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

মোঃ শফিকুল আলম
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

সৈয়দ শরিফুর রহমান
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা

SWTPC

২৪.০৫.২৫
 মির্জা গোলাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

০৬

অনুমোদিত

প্রকৌশলী ওঃ খানুস সাদিক
 প্রধান প্রকৌশলী